

অধ্যায়:কত কাল ধরে (চারপাঠ)

গল্পের মূলভাব পড়বে

বইয়ের অনুশীলনীর শব্দার্থ পড়বে

অনুধাবন প্রশ্ন:

১. শ্রেণীবৈষম্য কেন সৃষ্টি হয়েছে?

২. প্রাচীনকালে মানুষের দাম বেশি ছিল কেন?

৩. যাতায়াত ব্যবস্থার মধ্যেও কীভাবে ধনী-গরিব পরিলক্ষিত হয়?

সূজনশীল প্রশ্নোত্তর লেখ:

রাজা দেবপাল অত্যাচারী শাসক ছিলেন। তিনি তার রাজ্যের প্রজাদের ওপর নানারকম অত্যাচার নিপীড়ন করতেন। গরিবদের সামান্য দোষেও গর্দান কাটা যেত। কিন্তু তার অনুসারীরা আইনের উর্ধ্বে ছিল। দেবপাল চরিত্রগত দিক থেকে ছিলেন লম্পট প্রকৃতির। হেরেম, রেস, হাতি ঘোড়ার পিঠে চড়া, বাইজি নাচ, মদ্যপান এই সবই করতেন প্রজাদের খাজনার টাকা দিয়ে। অর্থাৎ প্রজারা দুবেলা দুমুঠো খেতেও পেত না। অনাহারে, অনিন্দ্রায়, রোগে-শোকে প্রজাদের জীবন হয়ে গিয়েছিল দুঃসহনীয়। রাজা ও প্রজার এই বৈষম্য সমাজেরই একটি দুর্বল দিক।

ক. লোক-লক্ষ্মণ বলতে কী বোঝানো হয়?

খ. রাজাদের আগমনের পূর্বের মানুষ সুখী ছিল কেন?

গ. উদ্দীপকের রাজা ও ‘কতকাল ধরে’ রচনার রাজার মধ্যে কী কী সাদৃশ্য পাওয়া যায়? ব্যাখ্যা কর।

ঘ. ‘রাজা-প্রজাদের বৈষম্য সমাজকে ভঙ্গুর করে দেয়- উদ্দীপক ও ‘কতকাল ধরে’ প্রবন্ধের আলোকে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর।